

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.২২.০০৭.১৫.৬০৭

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮

২৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মালিকানাধীন ভূমিতে অননুমোদিতভাবে নির্মিত কওমী মাদ্রাসার স্থাপনা অপসারণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

সূত্র: (ক) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নম্বর ৫৭.০০.০০০০.০০০.০৬.০৬৯.১৫.১১৪, তারিখ: ২৩/৮/২১।

(খ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর স্মারক ৪৪.০০.০০০০.০৭৫.০৪.০০৫.২০২১.৬৯৭, তারিখ: ১৩/৯/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মালিকানাধীন ভূমিতে অননুমোদিতভাবে নির্মিত কওমী মাদ্রাসার স্থাপনা অপসারণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মতামত চাওয়া হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নিম্নোক্ত মতামত প্রেরণ করে:

“সিটি কর্পোরেশনের জমিতে অননুমোদিত মাদ্রাসা স্থাপন আইন সম্মত নয়। যেহেতু বর্ণিত মাদ্রাসাটি স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে সরকারি কোনো ধরনের অনুমোদন নেই, সেহেতু সিটি কর্পোরেশন নিজস্ব উদ্যোগে এ স্থাপনা উচ্ছেদ করতে পারে। এই উচ্ছেদের বিষয়ে অত্র বিভাগের কোন আপত্তি নেই”।

২। এমতাবস্থায়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মালিকানাধীন ভূমিতে অননুমোদিতভাবে নির্মিত কওমী মাদ্রাসার স্থাপনা অপসারণের বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মতামত নির্দেশক্রমে অবহিতকরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

২৯-৯-২০২১

মোহাম্মাদ জাহিরুল ইসলাম

উপসচিব

ফোন: ৯৫৪৫৪১৬

ইমেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭১.২২.০০৭.১৫.৬০৭/১(২)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮

২৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ
- ২) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



২৯-৯-২০২১

মোহাম্মাদ জাহিরুল ইসলাম  
উপসচিব